# বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ

## আর্যলক্ষ্মী ভবন

৯৯ বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সড়ক (সদর রোড), বরিশাল।

ফোন ঃ ০২৪৭৮৮৬১৫৪৩, মোবাইল ০১৯৩৯৫৬৬০৯৪

মূল নিবন্ধন নং-০১৪৬ বিডি, তারিখ ঃ-০৫/০৩/১৯২৭ খ্রিঃ। সর্বশেষ সংশোধিত নিবন্ধন নং-০০০১ বিডি, তারিখ ঃ-০১/০৮/২০১৬ খ্রিঃ।

এতদ্বারা বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ এর সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির,গত ১৬/০৭/২০২৬ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৯/০৯/২০২৬ খ্রিঃ তারিখ, রোজ শনিবার সকাল ৯.০০ টা থেকে বিকাল ০৪ টা পর্যন্ত (নামাজ ও খাবার বিরতী সহ) বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতির ৩য় তলায় অবস্থিত কীর্তনখোলা মিলনায়তনে বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমিতির উপ-আইন অনুযায়ী ০১(এক) জন সভাপতি, ০১(এক) জন সহ-সভাপতি, ০১ (এক) জন সম্পাদক ও ০৬ জন ব্যবস্থাপনা কমিটির সদস্য (ব্যবস্থাপনা কমিটির ০৬ টি সদস্য পদের মধ্যে ০১টি পদ মহিলাদের জন্য সংরক্ষিত), গোপন ব্যালটের মাধ্যমে সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

জেলা সমবায় অফিসার বরিশাল, মহোদয়ের স্মারক নং ৪৭.৬১.০৬০০.০০০.০০০.৩৯.০০০২.২৩.৪৬৪,তারিখঃ০৩/০৮/২০২৬ খ্রিঃ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ০৯/০৮/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (২৭) (সংশোধিত ২০২০)এর বিধি অনুসারে নিম্নলিখিত তফসিল ঘোষণা করা হ'ল। সমিতির সম্মানিত সদস্যগণকে নির্বাচনে অংশগ্রহণসহ সর্বাত্মক সহোযোগিতা করার জন্য অনুরোধ করা হ'ল।

### ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল-২০২৬

| ক্রঃ নং | বিষয় | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১. | মনোনয়ন পত্র বিতরণ | সমিতির কার্যালয় | ১৬/০৮/২০২৬খ্রিঃ ও ১৭/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত |
| ২. | মনোনয়ন পত্র দাখিল/গ্রহণ | সমিতির কার্যালয় | ১৮/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত |
| ৩. | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীর উপস্থিতে যদি কেহ উপস্থিত থাকে) | সমিতির কার্যালয় | ১৯/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১১.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত |
| ৪. | বৈধ/বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২০/০৮/২০২৬ খ্রিঃ | বিকাল- ০৫ টায় |
| ৫. | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্তি কিংবা বাছাইতে বাদ পড়া কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয় আপিল আবেদন দাখিল (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(১) বিধি মতে) | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | ২৩/০৮/২০২৬খ্রিঃ ২৪/০৮/২০২৬ খ্রিঃ | অফিস চলাকালীন সময় |
| ৬. | আপিলের উপর শুনানী গ্রহণ ও নিস্পত্তিকরণ (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(২) বিধি মতে) | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | ২৫/০৮/২০২৬ খ্রিঃ ২৭/০৮/২০২৬ খ্রিঃ ও ৩০/০৮/২০২৬ খ্রিঃ | অফিস চলাকালীন সময় |
| ৭. | বৈধ/বাতিলকৃত প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ৩১/০৮/২০২৬খ্রিঃ | বেলা ১১ টায় |
| ৮. | প্রার্থীতা প্রত্যাহার | সমিতির কার্যালয় | ০১/০৯/২০২৬খ্রিঃ | সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা |
| ৯. | চূড়ান্তভাবে প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ০২/০৯/২০২৬ খ্রিঃ | বেলা ১১ টায় |
| ১০. | প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | সমিতির নোটিশ বোর্ড | ০৩/০৯/২০২৬ খ্রিঃ | বেলা ১১ টায় |
| ১১. | ভোট গ্রহণ | বরিশাল সিটি কলেজ বরিশাল। | ১৯/০৯/২০২৬খ্রিঃ | সকাল ০৯ টা থেকে বিকেল ০৪ টা (নামাজ ও খাবার বিরতী সহ) |
| ১২. | ভোট গননা ও ফলাফল ঘোষণা | ওই | ১৯/০৯/২০২৬খ্রিঃ | ভোট গ্রহণ শেষে |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ

| ক্রম নং | পদের নাম | প্রতীক সমূহ |
|---|---|---|
| ০১ | সভাপতি | চেয়ার,ছাতা, শাপলা ফুল। |
| ০২ | সহ-সভাপতি | আনারস, হারিকেন, উড়োজাহাজ,কাঁঠাল। |
| ০৩ | সম্পাদক | মোরগ, মাছ, দেয়াল ঘড়ি, মোবাইল ফোন। |
| ০৪ | ব্যবস্থাপনা কমিটির সদস্য (সংরক্ষিত ০১ জন মহিলা সহ) | আম, টেলিভিশন, বাইসাইকেল, হাঁস, কলম, বই, হরিণ, বটগাছ, ডাব, টেবিল,ফ্যান, বাস, আপেল,তালাচাবি, কম্পিউটার। |

উল্লেখ্য যে,প্রার্থীদের তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক বরাদ্ধ করতে পারবেন।

অন্যান্য জ্ঞাতব্য ও পালনীয় বিষয় সমূহ ঃ

১. নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণ করতঃ ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত ও উপজেলা সমবায় অফিসার,বরিশাল সদর,বরিশাল/জেলা সমবায় অফিসার,বরিশাল কর্তৃক প্রতিস্বাক্ষর করে দাখিল করতে হবে।

২. মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১(এক)কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের ০১(এক) কপি ফটোকপি সংযুক্ত করতে হবে। মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত ছবি বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত ও উপজেলা সমবায় অফিসার,বরিশাল সদর,বরিশাল/জেলা সমবায় অফিসার,বরিশাল কর্তৃক প্রতিস্বাক্ষর করে দাখিল করতে হবে।

৩. ব্যবস্থাপনা কমিটির যে কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সমবায় সমিতি আইন/০১ (সংশোধন আইন-২০০২ ও ২০১৩) এর ১৮ ও ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা /০৪ এর ২৪ নং বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হইতে হইবে।

৪. অসম্পূর্ণ ,ঘষামাজা, ত্রুটিপূর্ণ কিংবা ভুল তথ্য সম্বলিত মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

৫. একই ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

৬. ০৯ (নয়) সদস্য বিশিষ্ট (সভাপতি ০১ জন,সহ-সভাপতি ১ জন,সম্পাদক ১ জন, ও ব্যবস্থাপনা কমিটির সদস্য ০৬ জন (এক জন সংরক্ষিত মহিলা সদস্য সহ),ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে,নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত (অফেরৎ যোগ্য) মনোনয়নপত্রের ফি যথাক্রমে সভাপতি পদের জন্য =২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা,সহ-সভাপতি পদের জন্য =২,০০০/-(দুই হাজার)টাকা সম্পাদক পদের জন্য =১,৮০০/-(এক হাজার আটশত) টাকা ও ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য =১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা সমিতিতে রশিদের মাধ্যমে জমা প্রদান করে রশিদের মূল কপি মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/০১ (সংশোধন আইন-২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা /০৪ এর ৮৮ নং বিধি অনুসরণ করতে হবে।

৮. সমবায় সমিতি আইন ও সমবায় সমিতি বিধিমালা মোতাবেক নির্বাচনী কার্যক্রম পরিচালিত হবে।

৯. সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৮(২) বিধি মোতাবেক প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সঙ্গে দেওয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করিতে পারবে।

১০. মনোনয়নপত্র প্রার্থী স্বয়ং কিংবা তার প্রতিনিধি কর্তৃক নির্ধারিত তারিখে ও নির্ধারিত সময়ে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

১১. প্রার্থী স্বয়ং কিংবা তার প্রতিনিধির উপস্থিতিতে মনোনয়নপত্র বাছাই করা হবে।

১২. চূড়ান্ত প্রার্থীতা নির্ধারিত হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে । একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবি করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

১৩. নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময় নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জানা যাবে। মোবা: ০১৭১১৩৫৮৩৪৮

১৪. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(শ্রী দীপঙ্কর সেন গুপ্ত)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৬
বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ

(শ্রী সুজয় সেন গুপ্ত)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৬
বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ

(মোঃ নাসির উদ্দিন মিঞা)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৬
বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ

অবগতির জন্য ঃ

১। জনাব------------------------------------------------------------------সদস্য নং------------- বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ

২। সভাপতি/সম্পাদক,ব্যবস্থাপনা কমিটি,বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ তাকে সকল সদস্যদেরকে নির্বাচনী তফসিল সরবরাহ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৩। উপজেলা সমবায় অফিসার,বরিশাল সদর,বরিশাল (সদয় অবগতির জন্য)।

৪। জেলা সমবায় অফিসার, বরিশাল (সদয় অবগতির জন্য)।

৫। সমিতির নোটিশ বোর্ড।

সভাপতি
নির্বাচন কমিটি/২০২৬
বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ